| | |
|---|---|
| চার্জ অফিসার | |
| সদর সহকারী সেটেলমেন্ট অফিসার/ সহঃ সেঃ অফিসার ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা | |
| ভারপ্রাপ্ত কর্মকর্তা (রেকর্ড রুম)/ [illegible] (ঢাকা প্রেস) | |
| প্রধান সহকারী/পেশকার/[illegible]/হিসাব রক্ষক/ ক্যাশিয়ার/ পি.এ | |
| ডকেট নং. | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
আইন শাখা-০১
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৬৪.২ মিসকেস নং ১০/১৫-৭৬২ তারিখ ঃ ২৫-০৮-১৫ খ্রিঃ

বিষয় ঃ ১০/২০১৫ নং মিস মোকদ্দমায় ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের আদেশ অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে মিস ১০/২০১৫ মামলায় বিগত ২৮/৭/২০১৫, ৩০/৭/২০১৫ এবং ২৫/৮/২০১৫ তারিখে ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের প্রদত্ত আদেশ নিম্নরূপ:

| আদেশ নং ও তারিখ | আদেশ |
|---|---|
| ২<br>২৮/৭/২০১৫ | ঢাকা মহানগরীর তেজতুরী বাজার মৌজার ডিপি খতিয়ান নং-৭২২ প্রকাশনার নির্দেশ প্রদানের জন্য আবেদনকারী মোশারাত বেগম, ঠিকানা-১১২/১-এ, মনিপুরীপাড়া, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা-১২১৫ একখানা আবেদন দাখিল করেছেন। তার আবেদনে দেখা যায় যে ঢাকা মহানগরীর তেজতুরী বাজার মৌজার আরএস ২২১ নং দাগ যা ঢাকা সিটি জরিপে পরিবর্তিত হয়ে সিটি ৬০৫ নং দাগে ০.০৫৪০ একর ভূমি সিটি ৭২২ নং খসড়া খতিয়ানে আবেদনকারীর নামে রেকর্ড হয়েছে। উক্ত খসড়া খতিয়ানটি ওয়ার্কিং ভলিউমে যথারীতি অন্তর্ভুক্ত করা হয়েছে কিন্তু ভুলক্রমে বাঁধাই ভলিউমে অন্তর্ভুক্ত করা হয়নি মর্মে আবেদনে উল্লেখ করা হয়। জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা'র ৩০/০৪/২০১৫ তারিখের ১১৫ নং স্মারক পত্রের মর্মানুসারে আবেদনকারী মোশারাত বেগমের নামে আর.এস ২২১ নং দাগ হতে সৃষ্ট ৬০৫ নং দাগে ০.০৫০৪ একর ভূমি রেকর্ড আছে। খতিয়ানে কোন আপত্তি/আপিল মামলা দায়ের হয়নি। খতিয়ানটি আবেদনকারীর নামে সঠিকভাবে রেকর্ডভুক্ত আছে। ওয়ার্কিং ভলিয়মে খতিয়ানটি ছুট দাগ নয়। ভুলক্রমে খতিয়ানটি বাঁধাই ভলিউমে অন্তর্ভুক্ত করা নাও হয়ে থাকতে পারে। এতদপ্রেক্ষিতে, আবেদনকারী সংশ্লিষ্ট ১ নং রেজিস্টার বাঁধাই করার সময় ৭২২ নং খতিয়ান বাদ পড়ায় জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা হতে উক্ত খতিয়ান মুদ্রণ ও প্রত্যয়ন করে প্রয়োজনীয় সংখ্যক কপি কালেক্টর, ঢাকাসহ সংশ্লিষ্টদের নিকট প্রেরণের জন্য আবেদন করেছেন। দেখলাম। আগামী ৩০.০৭.১৫ তাং ১২.০০ টায় AC(RR), ঢাকা, সংশ্লিষ্ট AC(L), তহসিলদার ও DGLRS অফিসের বিবেচ্য ভলিউম সংরক্ষণকারী কর্মকর্তাকে যার যার Custody তে রক্ষিত সব ধরনের (Working/ বাঁধাই) Volume (৪ নং তেজতুরি মৌজার ৭২২ খতিয়ান সম্পৃক্ত) নিয়ে আসতে বলুন। ধার্য তাং সময়ে ভলিউম পর্যালোচনা করা হবে।<br><br>স্বাক্ষরিত/- ২৮/৭/১৫<br>(মোহাম্মদ শফিউল আলম)<br>সিনিয়র সচিব |
| ৩<br>৩০/৭/১৫ | সংশ্লিষ্ট সকলেই উপস্থিত, তাদের সবগুলো ভলিউম পরীক্ষা করা হলো। তাতে সত্যি সত্যিই ৭২২ খতিয়ান নেই। তার আগে ৭২১ ও পরের ৭২৩ দুটো-ই আছে। আর ওয়ার্কিং ভলিউম পরীক্ষা করে দেখা যায়, তাতে যথারীতি ৭২২ খতিয়ানটি আছে। এই খতিয়ানটি মুদ্রনকালে ভুলে বাদ পড়েছে অথবা বাঁধাইকালে ভুলক্রমে বাদ পড়েছে মর্মে সকলেই একমত। তাই সিদ্ধান্ত হয় যে ZSO, ঢাকা বিবেচ্য ৭২২ খতিয়ানের মুদ্রণ ও প্রত্যয়ন করে প্রয়োজনীয় সংখ্যক কপি DGLRS বরাবর পাঠাবেন। তিনি সেগুলো কালেক্টর ও প্রয়োজন মনে করলে আলাদা কপি বিজ্ঞ জেলা জজ বরাবর প্রেরণ করবেন। কালেক্টর সংশ্লিষ্টদের কাছে তা পাঠালে সংশ্লিষ্ট রেকর্ড কিপিং অফিসার তা ৭২২ এর স্থানে সুন্দরভাবে Paste করে নেবেন। ভবিষ্যতে এই জাতীয় ভুল নজরে আসলে একই পদ্ধতি অনুসরণ করে ZSO, DGLRS, RRDC, AC(L)সহ অন্যান্য সংশ্লিষ্টরা যথাবিধি ব্যবস্থা গ্রহণ করবেন। বিষয়টিতে মন্ত্রণালয়ের নির্দেশনার প্রয়োজন হবে না। আদেশের কপি এই মামলা সংশ্লিষ্টদের এবং সকল ZSO, DGLRS ও সকল কালেক্টরকে প্রদান করা হোক।<br><br>স্বাক্ষরিত/- ৩০/৭/১৫<br>(মোহাম্মদ শফিউল আলম)<br>সিনিয়র সচিব |
| ৪<br>২৫/৮/১৫ | আইনগত authority এর ভিত্তি বর্ণনার্থে নথি তলবক্রমে পেশকৃত। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ১৪৯(৪) ধারা। ধারাটি Bangladesh Laws (Amending) Ordinance 1976 এর ২ ধারার তফসিল অনুসারে প্রতিস্থাপিত হয়েছে। মূলত ধারাটিতে Board of Land Administration এর স্থলে Government শব্দটি ছিল। পরবর্তীতে Board of Land Administration Act, 1980 প্রণয়নের পরে The Laws (Amendment) Ordinance 1982 এর ৪ ধারা এবং তফসিল মোতাবেক Government এর স্থলে Board of Land Administration প্রতিস্থাপন করা হয়। এরপর ভূমি আপিল বোর্ড আইন, ১৯৮৯ এর ৮(১) ধারায় Board of Land Administration Act, 1980 আইনটি রহিত করা হয়। কিন্তু এর ধারাবাহিকতায় রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের যে যে ধারায় Board of Land Administration ছিল তদস্থলে কার্যপরিধি অনুসারে সরকার / ভূমি আপিল বোর্ড / ভূমি সংস্কার বোর্ড শব্দগুলো প্রতিস্থাপন হওয়ার দরকার |

Scanned with CamScanner

ছিল যা অদ্যাবধি হয়নি। ভূমি আপিল বোর্ড বিধিমালা ১৯৯০ এর ৩ বিধি অনুসারে বিভাগীয় কমিশনারের আদেশের বিরুদ্ধে সকল প্রকার আপিল ও রিভিশনের এখতিয়ারসহ সরকার কর্তৃক প্রেরিত যে কোন বিষয়ে পরামর্শ প্রদান করার জন্য ভূমি আপিল বোর্ডকে ক্ষমতা দেয়া হয়েছে। এছাড়াও বিধি ৬(২)-এ বলা হয়েছে যে বিধি, ক্ষমতা ও সরকারি আদেশ নির্দেশের আওতাভুক্ত নয় এমন বিষয়ে বোর্ড সরকারের নিকট নির্দেশের জন্য উপস্থাপন করবে। অর্থাৎ ভূমি আপিল বোর্ড বিধিমালা পর্যালোচনায় দেখা যায় যে সরকারের বিভিন্ন সময়ে জারিকৃত সার্কুলার বা আদেশের ভিত্তিতে বিভাগীয় কমিশনারের দেওয়া আদেশের বিরুদ্ধে ভূমি আপিল বোর্ডকে আপিল ও রিভিশন শুনানির ক্ষমতা দেওয়া হয়েছে। এক্ষেত্রে রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০ এর ১৪৯(৪) ধারার ক্ষমতা Board of Land Administration এর স্থলে সরকার অর্থাৎ ভূমি মন্ত্রণালয় না ভূমি আপিল বোর্ড হবে সেই সংক্রান্ত কোন পরিবর্তন আনা হয়নি । ফলে ১৪৯(৪) ধারা অনুসারে বোনাফাইড মিসটেক সংশোধনের জন্য আবেদনসমূহ জেলা প্রশাসক, ঢাকা বা অন্যান্য জেলা প্রশাসকগণ মিসকেস সৃজন করে প্রস্তাব আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করে আসছেন। যেহেতু রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০ এর ৫ম ভাগে আপিল, রিভিশন ও রিভিউ সংক্রান্তে রেকর্ডের বোনাফাইড মিসটেক সংশোধনের বিষয়ে ১৪৯(৪) ধারা অনুসারে Board of Land Administration যে কোন সময়ে রেকর্ড অব রাইটস-এ বোনাফাইড মিসটেক সংশোধনের আদেশ প্রদানের এখতিয়ার রাখে এবং যেহেতু অদ্যাবধি Board of Land Administration এর স্থলে ভূমি আপিল বোর্ডকে এ ক্ষমতা আলাদাভাবে প্রদান করা হয়নি সেহেতু বিষয়টি অমীমাংসিত থাকায় এখন পর্যন্ত মন্ত্রণালয় এ বিষয়ে সিদ্ধান্ত প্রদান করে আসছে।সেই ধারাবাহিকতায় পূর্ব নজির অনুসরণক্রমে এ আবেদনটি সরাসরি রুলস অব বিজনেসের ৪(৫) রুলে আরোপিত ক্ষমতাবলে আমার দফতরে নিষ্পত্তির জন্য গ্রহণ করা হয়।এক্ষেত্রে উক্ত ধারার শর্ত মোতাবেক কোন আপিল চলমান না থাকা এবং পক্ষদের শোনার বিষয়টি নিশ্চিত করা হয়েছে। অন্যদিকে The Survey Act, 1875 এর ৫৮ ধারা নিম্নরূপ :

Except as provided in sections 59 and 60, no appeal shall lie as of right, against any order passed under this Act by any officer; but

the proceedings and orders of Assistant Superintendents and of Deputy Collectors under this Act shall be subject to the supervision and control of the Superintendent of Survey or Collector;

the proceedings and orders of the Superintendent of Survey and of the Collector, to the supervision and control of the Commissioner of the division; and

the proceedings and orders of all officers, to the supervision and control of the Government

যেহেতু ইস্যুটিতে ভূমি ব্যবস্থাপনা ও ভূমি জরিপ উভয় বিভাগ সম্পৃক্ত সেহেতু উল্লিখিত আইনদ্বয়ের ক্ষমতাবলে উক্ত আদেশ প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে Compliance জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/- ২১/৮/২০১৫
(মোহাম্মদ শফিউল আলম)
সিনিয়র সচিব

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(আ ফ ম ফজলে রাব্বী)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০১২৫
rabbi15203@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল)।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
৫। মোশারাত বেগম, ঠিকানা-১১২/১-এ, মণিপুরীপাড়া, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা-১২১৫।

Scanned with CamScanner

| সর্বে অফিসার | |
|---|---|
| সদর সহকারী সেটেলমেন্ট অফিসার/ সহঃ সেঃ অফিসার ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা | |
| ভারপ্রাপ্ত কর্মকর্তা (রেকর্ড রুম)/ কারিগরী উপদেষ্টা/ভারপ্রাপ্ত কর্মকর্তা (ঢাকা প্রেস) | |
| প্রধান সহকারী/পেশকার/নাজির/হিসাব রক্ষক/ ক্যাশিয়ার/ পি.এ | |
| ডকেট নং- ১৭৭২ | |
| তারিখ- ১৩/৮/১৫ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
আইন শাখা-০১
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৪২.মিসকেস নং-১০/১৫-৬৯৭ তারিখ ঃ ০৪-০৮-১৫ খ্রিঃ

বিষয় ঃ ১০/২০১৫ নং মিস মোকদ্দমায় ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের আদেশ অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে মিস ১০/২০১৫ মামলায় বিগত ২৮/৭/২০১৫ এবং ৩০/৭/২০১৫ তারিখে ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের প্রদত্ত আদেশ নিম্নরূপঃ

| আদেশ নং ও তারিখ | আদেশ |
|---|---|
| ১<br>২৮/৭/২০১৫ | ''ঢাকা মহানগরীর তেজতুরী বাজার মৌজার ডিপি খতিয়ান নং-৭২২ প্রকাশনার নির্দেশ প্রদানের জন্য আবেদনকারী মোশারাত বেগম, ঠিকানা-১১২/১-এ, মনিপুরীপাড়া, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা-১২১৫ একখানা আবেদন দাখিল করেছেন। তার আবেদনে দেখা যায় যে ঢাকা মহানগরীর তেজতুরী বাজার মৌজার আরএস ২২১ নং দাগ যা ঢাকা সিটি জরিপে পরিবর্তিত হয়ে সিটি ৬০৫ নং দাগে ০.০৫৪০ একর ভূমি সিটি ৭২২ নং খসড়া খতিয়ানে আবেদনকারীর নামে রেকর্ড হয়েছে। উক্ত খসড়া খতিয়ানটি ওয়ার্কিং ভলিউমে যথারীতি অন্তর্ভুক্ত করা হয়েছে কিন্তু ভুলক্রমে বাঁধাই ভলিউমে অন্তর্ভুক্ত করা হয়নি মর্মে আবেদনে উল্লেখ করা হয়। জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা'র ৩০/০৪/২০১৫ তারিখের ১১৫ নং স্মারক পত্রের মর্মানুসারে আবেদনকারী মোশারাত বেগমের নামে আর.এস ২২১ নং দাগ হতে সৃষ্ট ৬০৫ নং দাগে ০.০৫০৪ একর ভূমি রেকর্ড আছে। খতিয়ানে কোন আপত্তি/আপিল মামলা দায়ের হয়নি। খতিয়ানটি আবেদনকারীর নামে সঠিকভাবে রেকর্ডভুক্ত আছে। ওয়ার্কিং ভলিয়মে খতিয়ানটি ছুট দাগ নয়। ভুলক্রমে খতিয়ানটি বাঁধাই ভলিউমে অন্তর্ভুক্ত করা নাও হয়ে থাকতে পারে। এতদপ্রেক্ষিতে, আবেদনকারী সংশ্লিষ্ট ১ নং রেজিস্টার বাঁধাই করার সময় ৭২২ নং খতিয়ান বাদ পড়ায় জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা হতে উক্ত খতিয়ান মূদ্রণ ও প্রত্যয়ন করে প্রয়োজনীয় সংখ্যক কপি কালেক্টর, ঢাকাসহ সংশ্লিষ্টদের নিকট প্রেরণের জন্য আবেদন করেছেন। দেখলাম। আগামী ৩০.০৭.১৫ তাং ১২.০০ টায় AC(RR), ঢাকা, সংশ্লিষ্ট AC(L), তহসিলদার ও DGLRS অফিসের বিবেচ্য ভলিউম সংরক্ষণকারী কর্মকর্তাকে যার যার Custody তে রক্ষিত সব ধরনের (Working/ বাঁধাই) Volume (৪ নং তেজতুরি মৌজার ৭২২ খতিয়ান সম্পৃক্ত) নিয়ে আসতে বলুন। ধার্য তাং সময়ে ভলিউম পর্যালোচনা করা হবে।''<br>স্বাক্ষরিত/- ২৮/৭/১৫<br>(মোহাম্মদ শফিউল আলম)<br>সিনিয়র সচিব |
| ২<br>৩০/৭/১৫ | ''সংশ্লিষ্ট সকলেই উপস্থিত, তাদের সবগুলো ভলিউম পরীক্ষা করা হলো। তাতে সত্যি সত্যিই ৭২২ খতিয়ান নেই। তার আগে ৭২১ ও পরের ৭২৩ দুটো-ই আছে। আর ওয়ার্কিং ভলিউম পরীক্ষা করে দেখা যায়, তাতে যথারীতি ৭২২ খতিয়ানটি আছে। এই খতিয়ানটি মুদ্রনকালে ভুলে বাদ পড়েছে অথবা বাঁধাইকালে ভুলক্রমে বাদ পড়েছে মর্মে সকলেই একমত। তাই সিদ্ধান্ত হয় যে ZSO, ঢাকা বিবেচ্য ৭২২ খতিয়ানের মুদ্রণ ও প্রত্যয়ন করে প্রয়োজনীয় সংখ্যক কপি DGLRS বরাবর পাঠাবেন। তিনি সেগুলো কালেক্টর ও প্রয়োজন মনে করলে আলাদা কপি বিজ্ঞ জেলা জজ বরাবর প্রেরণ করবেন। কালেক্টর সংশ্লিষ্টদের কাছে তা পাঠালে সংশ্লিষ্ট রেকর্ড কিপিং অফিসার তা ৭২১ এর স্থানে সুন্দরভাবে Paste করে নেবেন। ভবিষ্যতে এই জাতীয় ভুল নজরে আসলে একই পদ্ধতি অনুসরণ করে ZSO, DGLRS, RRDC, AC(L)সহ অন্যান্য সংশ্লিষ্টরা যথাবিধি ব্যবস্থা গ্রহণ করবেন। বিষয়টিতে মন্ত্রণালয়ের নির্দেশনার প্রয়োজন হবে না। আদেশের কপি এই মামলা সংশ্লিষ্টদের এবং সকল ZSO, DGLRS ও সকল কালেক্টরকে প্রদান করা হোক।''<br>স্বাক্ষরিত/- ৩০/৭/১৫<br>(মোহাম্মদ শফিউল আলম)<br>সিনিয়র সচিব |

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪/৮/১৫

(আ ফ ম ফজলে রাব্বী)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০১২৫
rabbi15203@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহা পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল)।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। মোশারাত বেগম, ঠিকানা-১১২/১-এ, মণিপুরীপাড়া, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা-১২১৫।

Scanned with CamScanner